# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ


মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/২৩১২(১২৫০) তারিখঃ ০৪/০৪/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ ৩১ মার্চ ২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ৩১ মার্চ ২০২১ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০১ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে সার্কুলার লেটারটি নিম্নে মুদ্রণ করা হলোঃ

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখঃ ১৩/০৪/২০২০ এর ১(গ) অনুচ্ছেদ এবং এসিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ২৯/১২/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে গঠিত কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম' টি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩০ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এছাড়া, উক্ত সার্কুলারের ৪ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা 'কোন একক খাতে ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ঋণের ৩০% এর অধিক ঋণ বিতরণ করতে পারবে না' এর পরিবর্তে কোন একক খাতে ঋণ বিতরণের সর্বোচ্চ সীমা ৪০% এ নির্ধারণ করা হলো।

এতদ্ব্যতীত, উল্লেখিত সার্কুলার এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ৩১ মার্চ ২০২১ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০, এসিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখ ২৯/১২/২০২০, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং- ১১১৯ তারিখ ২৭/০৪/২০২০, সার্কুলার লেটার নং- ১১৩৫ তারিখ ১০/০৫/২০২০, সার্কুলার লেটার নং- ১২৩৯ তারিখ ০৭/০৬/২০২০, সার্কুলার লেটার নং-৬৫৫ তারিখ ১৩/০৯/২০২০, সার্কুলার লেটার নং- ১০৬৭ তারিখ ২৭/১০/২০২০, সার্কুলার লেটার নং- ১১৫৭ তারিখ ০৯/১১/২০২০, সার্কুলার লেটার নং- ১৩৩৭ তারিখ ২৬/১১/২০২০, সার্কুলার লেটার নং- ১৩৫০ তারিখ ২৯/১১/২০২০ ও সার্কুলার লেটার নং- ১৬০০ তারিখ ৩১/১২/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ৩০ জুন ২০২১ এর মধ্যে ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা সময় ভিত্তিক শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

04/04/2021

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

চলমান পাতা-০২

*বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে*
*৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।*

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/২৩১২(১২৫০) তারিখঃ ০৪/০৪/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। *উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।*
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৪/০৪/২০২১
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং -০১

১৭ চৈত্র, ১৪২৭

তারিখঃ

৩১ মার্চ, ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

ঢাকা/রাজশাহী।

**নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখঃ ১৩/০৪/২০২০ এর ১(গ) অনুচ্ছেদ এবং এসিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ২৯/১২/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে গঠিত কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম' টি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩০ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এছাড়া, উক্ত সার্কুলারের ৪ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা 'কোনো একক খাতে ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ঋণের ৩০% এর অধিক ঋণ বিতরণ করতে পারবে না' এর পরিবর্তে কোনো একক খাতে ঋণ বিতরণের সর্বোচ্চ সীমা ৪০% এ নির্ধারণ করা হলো।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহীদ রেজা)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬১২

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং ২০৩৪ তারিখ ০১/০৪/২০২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক